

## নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে ৩ দিনের ক্যারিয়ার ফেয়ার

শিক্ষার্থীদের পেশাগত জীবনে প্রবেশের সুযোগ দিতে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে (এনএসইউ) গতকাল রোববার থেকে শুরু হয়েছে তিন দিনের ক্যারিয়ার ফেয়ার। বিশ্ববিদ্যালয়ের ক্যারিয়ার অ্যান্ড প্লেসমেন্ট সেন্টারের আয়োজন ও এমজিএইচ গ্রুপের পৃষ্ঠপোষকতায় আয়োজিত হচ্ছে এবারের ক্যারিয়ার ফেয়ার। এটি বিশ্ববিদ্যালয়ের দশম আয়োজন। আয়োজনের প্রথম দিনে শিল্প ও উৎপাদন খাত, ঔষধ ও স্বাস্থ্যসেবা ও ভবিষ্যৎ কর্মী বাহিনীর দক্ষতা বিষয়ে তিনটি বিশেষ সেশন অনুষ্ঠিত হয়েছে। আজ ও আগামীকাল জেনারেটিভ এআই, স্টার্টআপ, গণমাধ্যম, ফিনটেকসহ বিভিন্ন খাতে ক্যারিয়ারবিষয়ক আরও সেশন অনুষ্ঠিত হবে। গতকাল ক্যারিয়ার ফেয়ারের উদ্বোধনী অনুষ্ঠানে এমজিএইচ গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ ইকবাল আলী শিমুল বলেন, 'গ্লোবলাইজেশন, ডিজিটাল রূপান্তর, টেকসই উন্নয়ন ও পরিবর্তিত গ্রাহক প্রত্যাশা বিশ্বজুড়ে শিল্পক্ষেত্রকে নতুন আঙ্গিকে ঢেলে দিচ্ছে। তাই এই ধরনের ক্যারিয়ার ফেয়ার কেবল নিয়োগের ইভেন্ট নয়; এটি শিক্ষণ, অনুপ্রেরণা ও মূল্যবান সংযোগের প্ল্যাটফর্ম।'

এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান আজিজ আল কায়সার বলেন, 'নর্থ সাউথ

ইউনিভার্সিটি প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য ছিল শিক্ষার্থীদের কেবল চাকরির জন্য নয়, ভবিষ্যৎ নেতৃত্ব তৈরির জন্য প্রস্তুত করা। প্রযুক্তি, বৈশ্বিক অনিশ্চয়তা ও পরিবর্তনের এই যুগে এই বিশ্বাস আরও প্রাসঙ্গিক। আমাদের লক্ষ্য শিক্ষার্থীদের এমনভাবে প্রস্তুত করা, যাতে তারা জীবনের বিভিন্ন পরিস্থিতি মোকাবিলা করতে পারে।'

এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের সাবেক চেয়ারম্যান বেনজীর আহমেদ বলেন, 'ন্যাশনাল ক্যারিয়ার ফেয়ার কেবল একটি অনুষ্ঠান নয়; এটি শিক্ষাপ্রতিষ্ঠান, শিক্ষার্থী ও নিয়োগকর্তার মধ্যে একটি সেতুবন্ধের কাজ করে।'

উপাচার্য আবদুল হামান চৌধুরী বলেন, 'অনুষ্ঠানে শতাধিক দেশি ও আন্তর্জাতিক কোম্পানি অংশ নিচ্ছে। তারা শিক্ষার্থী ও চাকরিপ্রার্থীকে জানাবেন কীভাবে এবং কখন তারা নিয়োগ করেন এবং নিয়োগ প্রক্রিয়া ব্যাখ্যা করবেন। এটি শিক্ষার্থী ও চাকরিপ্রার্থীদের জন্য শেখার, নিজেকে মূল্যবান করার এবং চাকরির অনুসন্ধানের একটি সুবর্ণ সুযোগ।' অনুষ্ঠানে আরও বক্তব্য দেন এনএসইউর সহ-উপাচার্য অধ্যাপক নেহার উদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ আবদুর রব খান, এনএসইউ ক্যারিয়ার অ্যান্ড প্লেসমেন্ট সেন্টারের পরিচালক ফারজানা নাহিদ। **বিজ্ঞপ্তি**



ন্যাশনাল ক্যারিয়ার ফেয়ার ২০২৬ উদ্বোধনী অনুষ্ঠানে আয়োজক ও অতিথিরা। গতকাল নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে। ছবি : বিশ্ববিদ্যালয়ের সৌজন্যে